

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৮৯

আগরতলা, ১২ আগস্ট, ২০২৪

হর ঘর তিরঙ্গা অভিযান
আগরতলায় তিরঙ্গা র্যালি

হর ঘর তিরঙ্গা অভিযান কর্মসূচিতে আজ আগরতলায় তিরঙ্গা র্যালি অনুষ্ঠিত হয়। যুব বিষয়ক ও ক্রীড়াদপ্তরের এন এস এস শাখা এই তিরঙ্গা র্যালির আয়োজন করে। উমাকান্ত একাডেমী মাঠে পতাকা নেড়ে এই র্যালির সূচনা করেন যুব বিষয়ক ও ক্রীড়াদপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী। তিরঙ্গা র্যালিতে ত্রিপুরা ক্রীড়া পর্ষদের সচিব সুকান্ত ঘোষ, যুগ্ম সচিব স্বপন সাহা, যুব বিষয়ক ও ক্রীড়াদপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, অধিকর্তা সত্যব্রত নাথ, এন এস এস প্রোগ্রাম আধিকারিক প্রবাল কান্তি দেব ছাড়াও বিভিন্ন মহাবিদ্যালয় ও বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাগণ, ছাত্র-ছাত্রীগণ, এন এস এস স্বেচ্ছাসেবীগণ, বিভিন্ন সামাজিক সংস্থার সদস্য-সদস্যাগণ ও যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের আধিকারিকগণ অংশ নেন।

তিরঙ্গা র্যালির সূচনা করে যুব বিষয়ক ও ক্রীড়াদপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী বলেন, স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন ও জাতীয় পতাকার প্রতি সম্মান প্রদর্শনের জন্য গত ৯ আগস্ট থেকে রাজ্যে হর ঘর তিরঙ্গা অভিযান কর্মসূচি শুরু হয়েছে। চলবে ১৫ আগস্ট পর্যন্ত। সারা দেশেই এই ধরনের অনুষ্ঠান আয়োজিত হচ্ছে। তিনি বলেন, হর ঘর তিরঙ্গা অভিযান কর্মসূচিতে রাজ্যে তিরঙ্গা যাত্রা, তিরঙ্গা র্যালি, তিরঙ্গা রানস এন্ড ম্যারাথনস, তিরঙ্গা কনসার্টস, তিরঙ্গা ক্যানভাস, তিরঙ্গা প্লেজ, তিরঙ্গা ট্রিবিউট, তিরঙ্গা মেলা ও তিরঙ্গা সেলফি'র আয়োজন করা হচ্ছে। তিনি এই ধরনের কর্মসূচির সফল বাস্তবায়নে রাজ্যের সকল অংশের জনগণের সহযোগিতা কামনা করেন। বর্ণাঢ্য এই তিরঙ্গার র্যালিটি আগরতলার বিভিন্ন পথ পরিক্রমা করে উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে এসে সমাপ্ত হয়।
